

(প্রেস বিজ্ঞপ্তি)

২৫ মার্চ ২০২৩খ্রি.

চট্টগ্রামের বধ্যভূমির সম্প্রসারণ চান চসিক মেয়র

মুক্তিযুদ্ধের শহিদদের স্মৃতি রক্ষার্থে চট্টগ্রামের বধ্যভূমির সম্প্রসারণ চান চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

শনিবার গণহত্যা দিবস উপলক্ষ্যে চট্টগ্রামের সবচেয়ে বড় বধ্যভূমি পাহাড়তলী বধ্যভূমিতে শহিদদের স্মৃতি স্মরণ করে মেয়র এ মন্তব্য করেন।

মেয়র বলেন, হীনস্বার্থে ভূমি খেকোরা জায়গা দখল করতে করতে পাহাড়তলী বধ্যভূমিকে সংকুচিত করে ফেলেছে। একজন মুক্তিযোদ্ধা হিসেবে এই ষড়যন্ত্র মেনে নিবনা এবং এহেন ষড়যন্ত্রের বিরুদ্ধে মুক্তিযোদ্ধাদের নিয়ে কাউন্সিলরদের নেতৃত্বে গণ-আন্দোলন গড়ে তুলব।

"আমি প্রশাসন, নেতৃত্বসহ সংশ্লিষ্ট সবাইর সাথে যোগাযোগ করছি যাতে পাহাড়তলী বধ্যভূমিকে সম্প্রসারিত করে এমনভাবে চলে সাজানো যায় যাতে জনগণ এখানে এসে মুক্তিযুদ্ধে চেতনার উপলব্ধি নিতে পারে। চট্টগ্রামের অন্য যেসব বধ্যভূমি বেদখল হয়ে আছে সেগুলোও উদ্ধার করে স্থায়ীভাবে সংরক্ষণের উদ্যোগ নিতে হবে।"

স্বাধীনতা বিরোধীদের সমালোচনা করে মেয়র বলেন, এই বধ্যভূমিতে অসংখ্য নিরীহ বাঙালিকে হত্যা করে স্বাধীনতা বিরোধীরা। সেই পাকিস্তান আজ দেউলিয়াত্বের পথে। আর বাংলাদেশ বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনার নেতৃত্বে উন্নয়নের রোলমডেলে পরিণত হয়েছে।

"যারা একান্তরে স্বাধীনতার বিরোধিতা করেছিল তারা এই এখন বধ্যভূমি দখল করছে, ধর্মীয় অপব্যখ্যা দিয়ে মুক্তিযুদ্ধের চেতনার বিরোধিতা করছে। মুক্তিযুদ্ধের স্বপক্ষের শক্তিকে এই হায়নাদের বিষয়ে সতর্ক থাকতে হবে, লড়তে হবে মুক্তিযুদ্ধের চেতনার সরকারকে টিকিয়ে রাখতে।"

এসময় মেয়র বধ্যভূমির প্রদর্শন করেন এবং বধ্যভূমির উন্নয়নে কর্মকর্তাদের দিক নির্দেশনা দেন। সিটি মেয়রের সাথে আরো উপস্থিত ছিলেন চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম, কাউন্সিলর নিছার উদ্দিন আহমেদ মঞ্জু, হাসান মুরাদ বিপ্লব, মোঃ জহুরুল আলম জসিম, মোঃ ওয়াসিম উদ্দিন চৌধুরী, মোহাম্মদ ইসমাইল, আবুল হাসনাত মোঃ বেলাল, মোঃ আবদুস সালাম, পুলক খান্দির, সচিব খালেদ মাহমুদ, প্রধান রাজস্ব কর্মকর্তা মোহাম্মদ নজরুল ইসলাম, প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, শিক্ষা কর্মকর্তা উজালা রানী চাকমা, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা মোঃ রেজাউল করিম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী বুলন কুমার দাশ, উপ-সচিব আশেক রসুল চৌধুরী টিপি, চসিক সিবিএ নেতৃত্বসহ কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং স্থানীয় নেতৃত্ব এবং শহিদদের শ্রদ্ধা জানাতে আসা জনগণ।

রাজাদারদের জন্য মাসব্যাপী ইফতারের আয়োজন চসিক মেয়র রেজাউলের

রাজাদারদের জন্য মাসব্যাপী ইফতারের আয়োজন করতে যাচ্ছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

রোববার থেকে মাহরুব উল আলম চৌধুরী চট্টগ্রাম সিটি করপোরেশন পাবলিক লাইব্রেরিতে বিনামূল্যে ইফতারি গ্রহণ করবেন সব শ্রেণি-পেশার মানুষ। মহতী এ আয়োজনের সার্বিক তত্ত্বাবধান করবেন আন্দরকিল্লা ওয়ার্ড কাউন্সিলর জহর লাল হাজারী। রোববার এ উদ্যোগের প্রথম দিনে সাধারণ নাগরিকদের সাথে অংশ নিবেন সিটি মেয়র, কাউন্সিলরবৃন্দ ও চসিকের বিভাগ ও শাখা প্রধানগণ।

সিয়াম সাধনার মাসে সাধারণ মানুষের পাশে দাঁড়াতে এ উদ্যোগ নিয়েছেন চসিক মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। আর্থিকভাবে পিছিয়ে থাকা রাজাদারদের সহায়তায় এগিয়ে আসতে সমাজের বিত্তবান শ্রেণিকে আহ্বান জানিয়েছেন মেয়র। তিনি ইতোমধ্যে বিভিন্ন সামাজিক সংগঠনকে সাথে নিয়ে হাজারো মানুষের হাতে ইফতার সামগ্রী ও সেহেরি পৌঁছে দিয়েছেন।

চট্টগ্রামের ৯ কৃতি সন্তান পাবেন চসিক 'স্বাধীনতা স্মারক সম্মাননা পদক-২৩'

মহান স্বাধীনতা দিবস উপলক্ষে চট্টগ্রামের নয় কৃতি ব্যক্তিত্বকে স্বাধীনতা স্মারক সম্মাননা পদকে ভূষিত করতে যাচ্ছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

আগামীকাল রোববার (২৬ মার্চ) বিকাল ৩টায় নগরীর থিয়েটার ইনস্টিটিউট হলে চসিক মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে স্বাধীনতা স্মারক সম্মাননা পদক হস্তান্তর করবেন।

এবারের বিজয়ী ৯ বিশেষ ব্যক্তি হলেন, স্বাধীনতা আন্দোলন ও মুক্তিযুদ্ধে ভূমিকার জন্য উত্তর জেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি ও দুইবারের নির্বাচিত সাবেক এমপি নুরুল আলম চৌধুরী (মরণোত্তর), শিক্ষায় পাচ্ছেন মোহাম্মদ হোসেন খান (মরণোত্তর), সাংস্কৃতিক-সঙ্গীতে অচিন্ত কুমার চক্রবর্তী (মরণোত্তর), ক্রীড়ায় আনোয়ার উল্লাহ খান (মরণোত্তর), মুক্তিযুদ্ধে মীর্জা আবু মনসুর, সমাজসেবায় রফিক আহামদ, বেতার ব্যক্তিত্ব ফজল হোসেন, সাংবাদিকতায় দৈনিক পূর্বকোণের সিটি এডিটর, বীর মুক্তিযোদ্ধা নওশের আলী খান, অটিজম ও শিশু চিকিৎসায় ডা. মাহমুদ আহমদ চৌধুরী আরজু।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮